

দুঃখ যদি না পাবে তো দুঃখ তোমার ঘুচবে কবে ?  
 বিষকে বিষের দাহ দিয়ে দহন করে মারতে হবে ॥  
 জ্বলতে দে তোর আগুনটারে, ভয় কিছু না করিস তারে,  
 ছাই হয়ে সে নিভবে যখন জ্বলবে না আর কভু তবে ।  
 এড়িয়ে তাঁরে পালাস না রে ধরা দিতে হোস না কাতর ॥  
 দীর্ঘ পথে ছুটে ছুটে দীর্ঘ করিস দুঃখটা তোর ।  
 মরতে মরতে মরণটারে শেষ ক'রে দে একেবারে,  
 তার পরে সেই জীবন এসে আপন আসন আপনি লবে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Style: Baul

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail